

সমকাল

সাগরে নিম্নচাপ তিন শিক্ষা বোর্ডে জেএসসির আজকের পরীক্ষা পেছাল

■ সমকাল প্রতিবেদক

সাগরে নিম্নচাপের প্রভাবে দুর্ভোগপূর্ণ আবহাওয়ার কারণে জেএসসির বরিশাল, কুমিল্লা ও চট্টগ্রাম বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের জেডিসির আজ রোববারের পরীক্ষা স্থগিত করা হয়েছে। আন্তঃশিক্ষা সমন্বয় সাবে কমিটির সভাপতি অধ্যাপক মাহবুবুর রহমান শনিবার রাতে এ তথ্য জানান। তিনি বলেন, জেএসসির বরিশাল, কুমিল্লা ও চট্টগ্রাম বোর্ডের রোববারের ইংরেজি দ্বিতীয়পত্র পরীক্ষা ১২ নভেম্বর একই সময়ে নেওয়া হবে। আর জেডিসির এ দিনের পরীক্ষা নেওয়া হবে ১৯ ফেব্রুয়ারি। বঙ্গোপসাগরে নিম্নচাপের প্রভাবে দু'দিন ধরে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে বৃষ্টি হচ্ছে।

গভীর নিম্নচাপটি রোববার সকালে উপকূল অতিক্রম করতে পারে বলে আভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এর প্রভাবে চট্টগ্রাম থেকে সাতক্ষীরা পর্যন্ত উপকূলীয় জেলাগুলোতে ভারি বর্ষণ ও দমকা হাওয়া বয়ে যাওয়ার আভাস রয়েছে। এ প্রেক্ষাপটে সমুদ্রবন্দরগুলোকে ৪ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। এরই মধ্যে দেশের অভ্যন্তরীণ নৌপথে সব ধরনের যান চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে। //